



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

জেনারেল ক্রেডিট বিভাগ

নং- বিকেবি-প্রকা/জেক্রেবি (শাখা-১)/৭(৩৪)/২০২৪-২৫/ ১৩২(২২৫০)

তারিখ: ১৮/০৯/২০২৪ খ্রি.

বিষয়ঃ কোভিড-১৯ মহামারি ও অন্যান্য কারণে গ্রামে ফিরে যাওয়া জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনে ৫০০.০০ (পাঁচশত) কোটি টাকার “ঘরে ফেরা” বিষয়ক পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

সূত্র নং- বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা এর ক্রেডিট বিভাগের সূত্র নং-১২৬০, ১৫২৮, ২৭৪, ১৫৯২, ১৬৯৫ তারিখঃ ০৫/০১/২০২২, ১৭/০২/২০২২, ০২/০৮/২০২৩, ০১/০৪/২০২৪, ০৮/০৫/২০২৪ খ্রি.

শিরোনামে বর্ণিত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। কোভিড-১৯ মহামারি ও অন্যান্য কারণে গ্রামে ফিরে যাওয়া জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনের জন্য বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ কর্তৃক ৫০০.০০ (পাঁচশত) কোটি টাকার “ঘরে ফেরা” বিষয়ক পুনঃঅর্থায়ন স্কিম (এসিডি সার্কুলার নং-০১, তারিখ ০৩ জানুয়ারি, ২০২২) চালু করা হয়। বর্ণিত স্কিমের আওতায় ঋণ বিতরণ এর লক্ষ্যমাত্রা নির্ধারনপূর্বক করণীয় সম্পর্কিত দিক নির্দেশনা দিয়ে মাঠ পর্যায়ে পত্র জারী করা হয়েছে। বর্ণিত সার্কুলারের আওতায় উপর্যুক্ত পত্রসমূহের মাধ্যমে একাধিকবার তাগিদ দেওয়া সত্ত্বেও এখন পর্যন্ত বর্ণিত সার্কুলারের আওতায় ঋণ বিতরণের কাজিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ১০/০৯/২০২৪ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী বর্ণিত স্কিমের আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের শতকরা হার (%)
১	ঢাকা	২০০০.০০	১৪০৭.৯০	৭০%
২	ময়মনসিংহ	৩৮০০.০০	৩০৫০.৫৭	৮০%
৩	চট্টগ্রাম	২০০০.০০	১৭৫১.৭০	৮৮%
৪	খুলনা	৪০০০.০০	৩৮০৬.৫১	৯৫%
৫	বরিশাল	২৫০০.০০	১৬০২.২৫	৬৪%
৬	সিলেট	১৫০০.০০	১৪৭৫.৩২	৯৮%
৭	কুমিল্লা	২৫০০.০০	২০৪৬.৮২	৮২%
৮	ফরিদপুর	২৫০০.০০	২৫০২.১০	১০০%
৯	কুষ্টিয়া	২৪০০.০০	২০২০.৮৫	৮৪%
	সর্বমোটঃ	২৩২০০.০০	১৯৬৬৪.০২	৮৫%

উপর্যুক্ত সারণী এবং সংযুক্ত তালিকা পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, ফরিদপুর বিভাগ ব্যতীত অন্য বিভাগসমূহ এবং এর আওতাধীন কোন অঞ্চলই আলোচ্য স্কিমের আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে সক্ষম হয়নি। বর্ণিত সময়ে অর্থাৎ ১০/০৯/২০২৪ তারিখ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে সার্বিক অর্জন ৮৫%। ইতোপূর্বে বারংবার তাগিদ দেওয়া সত্ত্বেও বর্ণিত স্কিমের আওতায় লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন না হওয়ায় ব্যাংক ব্যবস্থাপনা হতে অসন্তোষ প্রকাশ করা হয়েছে।


:০২:

বিষয়ঃ কোভিড-১৯ মহামারি ও অন্যান্য কারণে গ্রামে ফিরে যাওয়া জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনে ৫০০.০০ (পাঁচশত) কোটি টাকার “ঘরে ফেরা” বিষয়ক পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

০৩। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সূত্রোক্ত সার্কুলার লেটার ও পত্রসমূহে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ৩১ অক্টোবর, ২০২৪ তারিখের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে পুনঃনির্দেশনা প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,


(সোহরাব জাকির)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)


বাংলাদেশ কৃষি ব্যাংক।

প্রকা/জে.জে.বি./শাখা-১/৭(৩৪)/২০২৪-২৫/ ১৯১ (২১৫০)

তারিখ: ১৮/০৯/২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


(মোঃ আল মামুন)

সহকারী মহাব্যবস্থাপক